**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-২)- ৬২৪৯- জে, তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ঝিনাইদহ সিনিয়র সহকারী জজ আদালতে কর্মরত "অফিস সহায়ক" জনাব মোঃ সোহরাব হোসেন-এর ব্রেন স্ট্রোকসহ শারীরিক আনুষঙ্গিক জটিলতায় সুচিকিৎসার নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: জেলা জজের কার্যালয়, ঝিনাইদহ এর গত ০৪.০৬.২০২৩ খ্রিস্টাব্দের ১৮৯/জে,জ,ঝিনাই নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, তিনি বর্তমানে ঝিনাইদহ জজশীপের অধীন সিনিয়র সহকারী জজ আদালত, মহেশপুর, ঝিনাইদহে অফিস সহায়ক পদে কর্মরত আছেন। তিনি বিগত ২৯.০৪.২০২৩ খ্রিঃ তারিখে হঠাৎ শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন এবং অবস্থা সংকটাপন্ন হওয়ায় তাৎক্ষণিকভাবে তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। বিশেষজ্ঞ ডাক্তারগণ তাকে পরীক্ষা নিরীক্ষাপূর্বক ব্রেণ স্ট্রোক হয়েছে বলে প্রাথমিকভাবে জানায়। অতঃপর তাকে উন্নত চিকিৎসার জন্য নিউরো-সাইন্স হাসপাতাল, ঢাকায় রেফার্ড করেন। সেখানে বিশেষজ্ঞ ডাক্তার তাকে পরীক্ষা নিরীক্ষা করে এবং ব্রেণ স্ট্রোকসহ হার্ট ব্লক জটিলতার কথা প্রকাশ করে। তিনি বর্তমানে উক্তরূপ চিকিৎসাধীন অবস্থায় দিনাতিপাত করছেন। তার শারীরিক অবস্থা খুবই সংকটাপন্ন। তিনি স্বল্প বেতনভুক্ত কর্মচারী। তার তিনটি কন্যা সন্তান ও অসুস্থ স্ত্রীসহ দুর্বিসহ জীবন যাপন করছেন। তার জমানো সামান্য সঞ্চিত টাকা খরচ করে তিনি একপ্রকার নিঃস্ব অবস্থায় জীবন যাপন করছেন। অর্থাভাবে সুচিকিৎসার ব্যবস্থা করা তার পক্ষে অসম্ভব হয়ে পড়েছে। তিনি উন্নত চিকিৎসা সেবা নিতে পারলে সুস্থ হতে পারতেন কিন্তু অর্থাভাবে সম্ভব হয়ে উঠছে না। সেকারণে তিনি আর্থিক সাহায্যের জন্য সবিনয় নিবেদন করছেন। তার ব্রেন স্ট্রোকসহ শারীরিক আনুষঙ্গিক জটিলতায় সুচিকিৎসার জন্য চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত তিনি বিচার বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী এবং বাংলাদেশের সকল বিচার বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীর নিকট আর্থিক সাহায্য প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেছেন।

০২। । এমতাবস্থায়, ঝিনাইদহ সিনিয়র সহকারী জজ আদালতে কর্মরত "অফিস সহায়ক" জনাব মোঃ সোহরাব হোসেন-এর ব্রেন স্ট্রোকসহ শারীরিক আনুষঙ্গিক জটিলতায় সুচিকিৎসার জন্য চিকিৎসা ব্যয় নির্বাহে আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

**সাহায্য পাঠানোর ঠিকানা:**
জনাব মোঃ সোহরাব হোসেন
**সোনালী ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা।**
**সঞ্চয়ী হিসাব নং- ২৪০৭০০২৩২৯৩৮৭**
**বিকাশ নং-০১৯৯৩-৯৫০৭৭১ (পারসোনাল)**

স্বা:/-
(এসকে.এম. তোফায়েল হাসান)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল:registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-২)- ৬২৪৯- জে, তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------ ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------------------------------------ (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, -----------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ---------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- -------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, --------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----------------------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, --------------------------------------------- (সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের


dextop/Help application

১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমনট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ...................................................... (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭। অফিস কপি।

RRahaman
13.07.23
(রাশেদুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৮১৯৩২


dextop/Help application

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়, ঝিনাইদহ।

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
নং-১১,৮৬৬ তারিখঃ 14 JUN 2023

স্মারক নং-৩৮৯/জে,জ,ঝিনাই

তারিখঃ ০৪/৬/২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ **উন্নত চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদনপত্র অগ্রগামী করণ প্রসঙ্গে।**

সূত্রঃ মহেশপুর সিনিয়র সহকারী জজ আদালতের স্মারক নং ২০০ তারিখ ৩১/৫/২০২৩ খ্রিঃ।

মহোদয়

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র জজশীপের মহেশপুর সিনিয়র সহকারী জজ আদালতে কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ সোহরাব হোসেন এর আর্থিক সাহায্যের নিমিত্ত দাখিলী আবেদনপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্রসহ প্রেরন করা হলো।

আপনার অনুগত

(মোঃ নাজিমুদ্দৌলা)
সিনিয়র জেলা জজ, ঝিনাইদহ।
০৪/৬/২০২৩ খ্রিঃ

প্রাপকঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

সংযুক্তঃ
আবেদনপত্রসহ আনুষঙ্গিক কাগজাদী... ২৬ ফর্দ।

বরাবর,
মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

মাধ্যমঃ মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ
ঝিনাইদহ।

মাধ্যমঃ সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ আদালত
মহেশপুর, ঝিনাইদহ।

বিষয়ঃ ব্রেন স্ট্রোকসহ শারীরিক আনুসঙ্গীক জটিলতায় সুচিকিৎসার নিমিত্ত আর্থিক ব্যয় নির্বাহের জন্য সাহায্যের আবেদন।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি বর্তমানে ঝিনাইদহ জজশীপের অধীন সিনিয়র সহকারী জজ আদালত, মহেশপুর, ঝিনাইদহে অফিস সহায়ক পদে কর্মরত আছি। আমি বিগত ২৯/০৪/২০২৩ খ্রিঃ তারিখে হঠাৎ শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়ি এবং অবস্থা সংকটাপন্ন হওয়ায় তাৎক্ষনিকভাবে আমাকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। বিশেষজ্ঞ ডাক্তারেরা আমাকে পরীক্ষা নিরীক্ষা পূর্বক ব্রেণ স্ট্রোক হয়েছে বলে প্রাথমিকভাবে জানায়। অতঃপর আমাকে উন্নত চিকিৎসার জন্য নিউরো-সাইন্স হাসপাতাল, ঢাকায় রেফার্ড করে। সেখানে বিশেষজ্ঞ ডাক্তার আমাকে পরীক্ষা নিরীক্ষা করে এবং ব্রেণ স্ট্রোকসহ হার্ড ব্লোক জটিলতার কথা প্রকাশ করে। আমি বর্তমানে উক্তরুপ চিকিৎসাধীন অবস্থায় দিনাতিপাত করছি। আমার শারীরিক অবস্থা খুবই সংকটাপন্ন। আমি স্বল্প বেতনভুক্ত একজন গরীব কর্মচারী। আমার তিনটি কন্যা সন্তান ও অসুস্থ স্ত্রীসহ দুর্বিসহ জীবন যাপন করছি। আমার জমানো সামান্য সঞ্চিত টাকা খরচ করে আমি একপ্রকার নিঃস্ব অবস্থায় জীবন যাপন করছি। অর্থাভাবে সুচিকিৎসার ব্যবস্থা করা আমার পক্ষে অসম্ভব হয়ে পড়েছে। আমি উন্নত চিকিৎসা সেবা নিতে পারলে সুস্থ হতে পারতাম কিন্তু অর্থাভাবে সম্ভব হয়ে উঠছে না। সেকারনে আমি আর্থিক সাহায্যের জন্য সবিনয় নিবেদন করছি।

অতএব, মহোদয় সমীপে আকুল প্রার্থনা, উপরোক্ত বিষয়াদী সহৃদয় বিবেচনান্তে আমার সুচিকিৎসার ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ বিচার বিভাগের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে আর্থিক সাহায্য পেতে পারি সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা প্রদানে মহোদয়ের সদয় মর্জি হয়।

তারিখঃ ৩১/০৫/২০২৩ খ্রিঃ

সংযুক্ত কাগজাদীঃ ২৬ ফর্দ।

আপনার একান্ত অনুগত
মোঃ সোহরাব হোসেন
(মোঃ সোহরাব হোসেন)
অফিস সহায়ক
সিনিয়র সহকারী জজ আদালত
মহেশপুর, ঝিনাইদহ।

<u>সাহায্য পাঠানোর ঠিকানাঃ</u>
সোনালী ব্যাংক লিঃ, ঝিনাইদহ শাখা।
সঞ্চয়ী হিসাব নং-২৪০৭০০২৩২৯৩৮৭।
বিকাশ নং-০১৯৯৩-৯৫০৭৭১